



নিয়োগ বিজ্ঞপ্তি

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এর নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস বিভাগ

ক) পদের বিবরণ:	পদ সংখ্যা
(i) সহকারী অধ্যাপক (স্থায়ী)	-০১(এক)
(ii) প্রভাষক (স্থায়ী)	-০২(দুই)
(iii) সহযোগী অধ্যাপক পদের বিপরীতে প্রভাষক (অস্থায়ী)	-০১(এক)

খ) বেতন (জাতীয় বেতন স্কেল ২০১৫):

(i) সহকারী অধ্যাপক	:	৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬)
(ii) প্রভাষক	:	২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯)

গ) আবেদন ফরম সংগ্রহ ও জমা:

১. বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.brur.ac.bd) বিজ্ঞপিত পদের শর্তাবলী ও আবেদন ফরম পাওয়া যাবে। রেজিস্ট্রার দপ্তরাধীন সংস্থাপন শাখায় সরাসরি বা ডাকযোগে রবিবার থেকে বৃহস্পতিবার (সরকারি ছুটির দিন ব্যতীত) সকাল ১০.০০ টা থেকে বিকাল ৪.০০টা পর্যন্ত বিজ্ঞপিত পদের আবেদন ফরম জমা দেওয়া যাবে।
২. বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফরমে ০৭ (সাত) সেট আবেদন ফরম জমা দিতে হবে।
৩. আবেদন ফরমের সাথে রেজিস্ট্রার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এর অনুকূলে জনতা ব্যাংকের যে কোন শাখা থেকে ৫০০/- (পাঁচ শত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) এবং প্রতি সেট আবেদন ফরমের সাথে ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত অনুলিপি এবং চারিত্রিক সনদপত্র সংযুক্ত করে ডাকযোগে অথবা হাতে হাতে রেজিস্ট্রার দপ্তরাধীন সংস্থাপন শাখায় জমা দিতে হবে।
৪. আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপ্রাপ্ত হতে হবে অর্থাৎ পরীক্ষার ফল প্রকাশ অপেক্ষমান থাকাকালীন সময়ে আবেদন গ্রহণযোগ্য হবে না।
৫. প্রভাষক পদে নিয়োগের জন্য লিখিত পরীক্ষার মাধ্যমে শর্টলিস্ট তৈরি করে বাছাই বোর্ডের মাধ্যমে সাক্ষাৎকার গ্রহণ করা হবে।
৬. চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৭. বিধি মোতাবেক সকল কোটা অনুসরণ করা হবে।
৮. বেতন নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেলের নীতিমালা অনুসরণ করা হবে।
৯. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১০. আবেদন ফরম গ্রহণ ও জমা দেওয়ার শেষ তারিখ : ১৮ অক্টোবর ২০২১খ্রিঃ, বিকাল ৪:০০টা। উল্লিখিত তারিখের পর কোন আবেদন ফরম গ্রহণ করা হবে না।
১১. কোন ধরনের লিখিত বা মৌখিক তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। নিয়োগ পাওয়ার পর কোন অনৈতিক পন্থা অবলম্বনের অভিযোগ প্রমাণিত হলে চাকরির যেকোন পর্যায়ে আইনানুগ ব্যবস্থা(চাকরিচ্যুতিসহ) গ্রহণ করা হবে।

স্বাক্ষরিত

কর্ণেল আবু হেনা মুস্তাফা কামাল (অবঃ)
রেজিস্ট্রার
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।
ই-মেল: registrar@brur.ac.bd

৩ কলাম ৭ ইঞ্চিঃ